ঝিনাইদহে কম্প্রেসার বিস্ফোরণে টায়ার মিস্ত্রীর মৃত্যু

ঝিনাইদহ শহরের হামদহ এলাকায় কম্প্রেসার বিস্ফোরণে সাব্বির (২০) নামে এক টায়ার মিস্ত্রীর মৃত্যু হয়েছে।

আজ রোববার (১৭ নভেম্বর) দুপুরে হামদহ এলাকায় টায়ারে হিট দেওয়ার সময় এ বিস্ফোরণ ঘটে। নিহত সাব্বির শহরের হামদহ শান্তি পাড়ায় বসবাস করে ও সদর উপজেলার মহিষাডাঙ্গা গ্রামের বিপ্লব বিশ্বাস ওরফে কালু মন্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, হামদহ এলাকায় রিপন দাসের টায়ারের কারখানায় টায়ার মেরামতের কাজ করছিলো সাব্বির। হঠাৎ করেই টায়ারে হিট দেওয়ার সময় কম্প্রেসার মেশিন বিস্ফোরিত হয়। এতে সাব্বির আহত হয়। পরে স্থানীয়রা উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। সাব্বিরের মরদেহ ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন জানান, হামদহ এলাকায় সাব্বির নামে এক টায়ার মিস্ত্রী কম্প্রেসার বিস্ফোরণে মারা গেছে। তবে এখনও কোন মামলা হয়নি।

ঝিনাইদহে অংকুর নাট্যগোষ্ঠির মতবিনিময় সভা অনুষ্ঠিত

বিদেশি সাংস্কৃতি চর্চা বাদ দিয়ে দেশীয় সাংস্কৃতিক চর্চা করে দেশকে ভালো কিছু উপহার দেওয়ার আহ্বান জানান জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ। আজ শুক্রবার সন্ধায় ঝিনাইদহ সিও বেসরকারী সংস্থার প্রধান কার্যালয়ের ৮ম তলায় এক মতবিনিময় সভায় প্রধান

অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঝিনাইদহ অংকুর নাট্য গোষ্ঠির আয়োজনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অংকুরের সহ-সভাপতি ও এরিনা এগ্রো কেয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ জিয়াউল ইসলাম খানের সভাপতিত্বে এবং অংকুরের সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াসের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন স্বেচ্ছাসেবী সংস্থা সিও’র নির্বাহী পরিচালক সামছুল আলম, জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি এনামুল কবির মুকুল, অংকুরের সহ-সভাপতি ও যুবদল নেতা আহসান হাবীব রনক, নাট্য ও ক্রীড়া ব্যক্তিত্ব জয়নাল আবেদীন, সাংবাদিক সাজ্জাদ আহমেদ ।

প্রধান অতিথি এ্যাড: এম মজিদ তার বক্তব্যে বলেন, সাংস্কৃতিক অঙ্গন সম্পর্কে এখনোও অনেকের ধারণা অস্পষ্ট। সাংস্কৃতিক কর্মীদের কাছ থেকে জনগন ভালো কিছু আশা করে। তিনি বলেন, মানুষ ভাবছে আগামীতে বিএনপি ক্ষমতায় যাবে। আমি যদি নির্বাচিত হয় এবং আমার দল যদি ক্ষমতায় যায় তাহলে জেলার বিভিন্ন শ্রেণীর মানুষের সহযোগিতা করার চেষ্টা করবো। সাংস্কৃতিক কর্মীদের উদ্দেশ্য করে তিনি আরও বলেন, বিদেশি সাংস্কৃতিক চর্চা বাদ দিয়ে দেশীয় সাংস্কৃতিক চর্চা করে দেশের মানুষকে ভালো কিছু দেওয়ার আহ্বান জানান। অংকুর আমার প্রানের সংগঠন, আমার দল সরকার গঠন করলে, সরকারের সব ধরনের সুযোগ সুবিধা প্রথমে অংকুরকে দেওয়ার আশ্বাস দেন।

ঝিনাইদহে এক জমি ব্যবসায়ীর বিরুদ্ধে প্রতারণার অভিযোগ

ঝিনাইদহে জমি ব্যবসায়ী প্রতারক মনিরুল ইসলামের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ করেছেন সেলিনা পারভীন নামের এক নারী। লিখিত অভিযোগে যানা যায়, খোর্দ্দ ঝিনাইদহ শহরের বাসিন্দা সাবেক সেনা সদস্য রুহুল আমীনের স্ত্রী সদর উপজেলার নিজপুটিয়া গ্রামের ইব্রাহিম খানের ছেলে জমি ব্যবসায়ী মনিরুল ইসলামের কাছ থেকে জমিসহ একটি ৪ তলা বাড়ি ক্রয়ের জন্য স্টাম্পে ১ কোটি ৩০ লক্ষ টাকা

বায়না নামা করেন। তিনি আরও অভিযোগ করেন পৌর এলাকার ১৫৮ নং গোবিন্দপুর মৌজার ১৪৭ নং খতিয়ানের ১০৫৬ নং দাগের ৪ শতক জমির উপর ৪ তলা বাড়ি ১ কোটি ৫০ লক্ষ টাকা জমির মূল্য নিদ্ধারণ করে বাড়িসহ জমি ক্রয়ের কথাবার্তা হয়।

একই দিন উপস্থিত স্বাক্ষীগনের সামনে বায়না স্বরুপ জমির মালিক মনিরুলকে গত ৩ সেপ্টেম্বর ১ কোটি ৩০ লক্ষ টাকা প্রদান করা হয়। বাকী ২০ লক্ষ টাকা ১৫ নভেম্বর তারিখের মধ্যে পরিশোধ করে জমি রেষ্ট্রি করার কথা থাকলেও প্রতারক মনিরুল ১১ নভেম্বর তারিখে ১৬৬৩৩ নং দলিল মূলে বাড়িসহ জমিটি অন্যত্র বিক্রি করে দেয়। বিষয়টি জানাজানি হলে মনিরুলকে ফোন দিলে সে বলে আমি ঢাকায় চলে এসেছি। আমি তোমাদের জমিসহ বাড়িটিও দিতে পারবোনা টাকাও ফেরত দিতে পারবোনা। আমার ফোনে বারবার ঝামেলা করলে তোমাদের সমস্য আছে বলে হত্যার হুমকি দেয়।

সর্বস্ব হারিয়ে সেলিনা ও তার পরিবার পাগল প্রায়। যেকোন সময় প্রতারক মনিরুল বিদেশে পালিয়ে যেতে পারে বলে আশংকা করছেন তারা। অবশেষে কোন উপায়ন্ত না পেয়ে সেলিনা পারভীন ঝিনাইদহ সদর থানা প্রতারক মনিরুলের বিরুদ্ধে লিখিত অভিযোগ দাখিল করেছে।

উল্লেখ্য, এলাকাবাসী জানায়, প্রতারক মনিরুল ইতিপূর্বে বিভিন্ন দেশে লোক পাঠানোর নামে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়ে অনেককেই স্বর্বশান্ত করে পথে বসিয়েছে।

ভুক্তভোগী নারী সেলিনা পারভীন বলেন, আমি প্রতারক মনিরুলের গ্রেফতারসহ আমার টাকা পয়সা দ্রুত ফেরত পেতে পারি সে জন্য প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করছি।

এব্যপারে অভিযুক্ত প্রতারক মনিরুলের সাথে একাধিক বার যোগাযোগের চেষ্টা করলেও তার ফোনটি বন্ধ পাওয়া যায়।

এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লা আল মামুন বলেন, এ বিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি তদন্তের জন্য এসআই শরিফুল ইসলামকে দ্বায়িত্ব দিয়েছি।

ঝিনাইদহে আন্তঃস্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

“স্কুল হোক বিজ্ঞান শিক্ষার আনান্দময় কর্মকান্ডের কেন্দ্র বিন্দু” এই শ্লোগানকে সামনে নিয়ে ঝিনাইদহে ৪র্থ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়েছে। ওয়েলফেয়ার এফোর্টসের (উই) ঝিনাইদহ শাখার আয়োজনে ও বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগিতায় আজ (১৪ নভেম্বর) বৃহস্পতিবার দিনব্যাপি ঝিনাইদহ নিউএকাডেমী মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই মেলা অনুষ্ঠিত হয়।

আরো পড়ুনঃ মেহেরপুর জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদ কমিটির অনুমোদন

সরকারী নুরুনন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন,এম শাহাজালালের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ কেশব চন্দ্র মহাবিদ্যালয়ের উপাধ্যক্ষ প্রফেসর মোঃ আব্দুল মতিন। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নারিকেল বাড়িয়া আমেনা খাতুন কলেজের সাবেক অধ্যক্ষ আমিনুর রহামান টুকু, ওয়েলফেয়ার এফোর্টসের (উই) এর পরিচালক শরিফা খাতুন ও ঝিনাইদহ নিউ একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ বদিউজ্জামান।

আরো পড়ুনঃ আলমডাঙ্গায় যুবকের পুড়ে যাওয়া মরদেহ উদ্ধার, দুই যুবক আটক

এছাড়া উপস্থিত ছিলেন ঝিনাইদহ শিক্ষক সমিতির সভাপতি ও এম কে মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মহি উদ্দীন। ঝিনাইদহ সদর উপজেলার নির্বাচিত ২০টি ও হরিণাকুন্ডু উপজেলার ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে এ মেলা অনুষ্ঠিত হয়।

কোটচাঁদপুরে কৃষি উপকরনের ক্ষতিকর প্রভাব বিষয়ে সচেতনতা সভা অনুষ্ঠিত

নকল ও ভেজাল কৃষি উপকরনে ক্ষতিকর প্রভাব বিষয়ক জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার কোটচাঁদপুরে সিনজেনটা বাংলাদেশ লিমিটেডের সহযোগিতায় অফিসার্স ক্লাব মিলনায়তনে এ সভা করা হয়।

সভায় উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রাজিবুল হাসান সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সিনজেনটার কর্পোরেট সিকুরিটি ম্যানেজার (অবঃ) মেজর জামাল হায়দার।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিনজেনটার এরিয়া সেলস ম্যানেজার কৃষিবিদ আল-মুজাহিদ মৃদুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত কৃষি অফিসার কৃষিবিদ এস.এম. নাজমুস সাকিব শাহিন, সিনজেনটা পরিবেশক দেলওয়ার হোসেন।

সভায় নকল ও ভেজাল পণ্যের কুফল তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিবৃন্দরা।

ঝিনাইদহে রূপান্তর সিটিপ এক্টিভিস্টদের গ্রুপ ফর্মেশন এন্ড ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

আশ্বাস প্রকল্পের আওতায় উন্নয়ন সংস্থা “রূপান্তর”এর আয়োজনে ঝিনাইদহ জেলার সিটিপ এক্টিভিস্টদের নিয়ে গ্রুপ ফর্মেশন এন্ড ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

জেলা শহরের সৃজনী ফাউন্ডেশন কনফারেন্স রুমে গতকাল মঙ্গলবার সকাল ১০টায় থেকে দিনব্যাপী এ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টশনে অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন সিটিপ এক্টিভিস্ট এর জেলা পর্যায়ের সকল সদস্যবৃন্দ।

আশ্বাস প্রকল্পের প্রোগ্রাম অফিসার উজ্জ্বল কুমার পালের সঞ্চালনায় ওরিয়েন্টেশনে প্রকল্পের কার্যক্রম ও সিটিপ এক্টিভিস্ট এর দায়িত্ব কর্তব্য বিষয়ে বিস্তারিত আলোচনা করেন আশ্বাস প্রকল্পের (ক্লাস্টার-২) এর প্রকল্প সমন্বয়কারী রবিউল ইসলাম বাবু। এছাড়া উইনরক ইন্টারন্টারন্যাশনালের রিজওনাল কো-অর্ডিনেটর সুপ্তি দিব্রা আশ্বাস প্রকল্পের ধারাবাহিকতা ও মানব পাচার প্রতিরোধে স্বক্রিয় কর্মী/সিটিপ এক্টিভিস্ট গঠনের প্রক্রিয়া ও কর্মপদ্ধতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। পাশাপাশি ঢাকা আহসানিয়া মিশনের প্রজেক্ট ম্যানেজার মাসুদ পারভেজ তাদের আশ্বাস প্রকল্পের কর্মপদ্ধতি নিয়ে আলোচনা করেন।

ওরিয়েন্টশনে প্রকল্প পরিচিতি, মানব পাচার বিষয়ক প্রাথমিক ধারনা, মানব পাচার প্রতিরোধে স্বক্রিয় কর্মীর অগ্রাধিকার ভিত্তিক কাজ চিহ্নিতকরন, মানব পাচার প্রতিরোধে করনীয় বিষয়গুলি চিহ্নিতকরণ নিয়ে আলোচনা করেন।

এ অনুষ্ঠানে উইনরক ইন্টারন্যাশনাল কর্তৃক আশ্বাস প্রকল্পের জন্য নির্মিত “প্রেরণার আলোকশিখা” নামক একটি ডকুমেন্টরি ভিডিও দেখানো হয়। যেখানে মানব পাচারের শিকার সারভাইভারদের সংগ্রাম, বৈষম্য ও ফিরে আসার গল্প তুলে ধরা হয়েছে। উল্লেখ্য আশ্বাস প্রকল্পটি সুইজারল্যান্ড সরকার এর সহযোগিতায় উইনরক ইন্টারন্যাশনাল এর বাস্তবায়নে যশোর ও ঝিনাইদহ জেলায় ‘রূপান্তর’ মাঠ পর্যায়ে কাজ করছে।

শৈলকুপায় মেছো বাঘ আটক!

পিটিয়ে হত্যা

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কাঁচেরকোল ইউনিয়নের খন্দকবাড়ীয়া গ্রামে একটি মেছো বাঘকে পিটিয়ে হত্যা করেছে গ্রামবাসী। গতকাল মঙ্গলবার রাত ৩ টার দিকে ওই গ্রামের পুর্ব-উত্তরপাড়ায় এ ঘটনা ঘটে।

ওই গ্রামের কলেজ ছাত্র আসমাউল জানান, সোমবার রাতে ওই গ্রামের কালু নামের এক কৃষকের গোয়ালে ঢুকে মেছো বাঘটি দুটি ছাগল মেরে ফেলে। সকালে মৃত অবস্থায় দেখার পর তারা বুঝতে পারে মেছো বাঘ ছাগল দুটি মেরে ফেলেছে।

গতকাল মঙ্গলবার রাতে তার বাড়িতে আবার এসে মুরগির ঘরে প্রবেশ করে। বাড়ির লোকজন টের পেয়ে ধাওয়া করলে ঘরের পাশে জালে আটকা পড়ে। পরে গ্রামবাসী এতে বাঘটিকে পিটিয়ে হত্যা করে।

এ ব্যাপারে খুলনা বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগের বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা তন্ময় আচার্য্য বলেন, যেহেতু বাঘটিকে পিটিয়ে হত্যা করা হয়েছে এখন তো কিছু করার নেই। জীবিত থাকলে আমরা উদ্ধার করতে পারতাম। বন্যপ্রাণী হত্যা না করার জন্য গ্রামবাসীকে অনুরোধ জানান তিনি।

ঝিনাইদহে ইউপি সদস্যকে পিটিয়ে ও কুপিয়ে যখম

ঝিনাইদহ সদর উপজেলার ৮নং পাগলা কানাই ইউনিয়নের ১নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ আব্দুল ওয়াদুদ কে পিটিয়ে ও কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা।

গতকাল সোমবার (১১ নভেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে ইউনিয়নের ঝিনুক মালা আবাসন প্রকল্পের নিকটে এই ঘটনা ঘটে।

হাসপাতালে চিকিৎসাধীন আহত ওয়াদুদ মেম্বর বলেন, সকালে ইউনিয়ন পরিষদে মিটিং এর উদ্দ্যেশে বাড়ি থেকে যাওয়ার পথে ঝিনুকমালা আবাসন প্রকল্পের কাছে পৌছালে জিহাদ. রিপন, হাসান, জাকিরসহ একদল সন্ত্রাসী তার মোটরসাইকেল থামিয়ে কাঠের চলা, রড, হাতুড়ি দাঁ দিয়ে পিটাতে ও কোপাতে থাকে এসময় আমার চিৎকারে লোকজন ছুটে এলে তারা আমাকে উদ্ধার করে সদর হাসাপাতালে ভর্তির উদ্দেশ্যে পাঠিয়ে দেয়। পরে সন্ত্রাসীরা আবার আমার গাড়ি রোধ করে আমার উপর হামলার করে মারধর করতে থকে এবং দুই ভেঙ্গে জখম করে দেয়। জনগন ছুটে এলে তারা পালিয়ে যায় পরে আমাকে নিয়ে হাসপাতালে ভর্তি করে।

তিনি আরও বলেন এরা সবাই আমার পরিচিত এবং সন্ত্রাসী বাহিনির সদস্য। আব্দুল ওয়াদুদ মেম্বর ইউনিয়নের ১নং ওয়ার্ডের চরখাজুরা গ্রামের মৃত শাহাদত মেম্বারের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন ঘটনার সত্যতা স্বীকার করে বলেন মামলার প্রক্রিয়া চলছে, আসামীদের বেরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহের মিঞা জিন্নাহ আলম ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষের বিরুদ্ধে নানা অভিযোগ

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার মিঞা জিন্নাহ আলম ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ তরিকুল ইসলামের বিরুদ্ধে প্রকাশ্যে আসছে নানা অনিয়মের অভিযোগ। নিয়োগ বাণিজ্য করে তিনি গড়েছেন অঢেল সম্পদের পাহাড়। ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হয় কলেজটি। নানা অনিয়ম ও স্বেচ্ছাচারিতার জন্য আলোচিত এই অধ্যক্ষ চাকরি থেকে অবসরে যাওয়ার সময় পড়েছেন গ্যাড়াকলে।

নিয়োগ জালিয়াতি করে একই পদে দুইজন শিক্ষক নিয়োগ, ডিগ্রি থেকে উচ্চমাধ্যমিক শাখায় ও উচ্চ মাধ্যমিক থেকে ডিগ্রি শাখায় স্থানান্তর করেও কামিয়েছেন কাড়ি কাড়ি টাকা। ২০১৩ সালে এই

প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে দায়িত্বপান উমেদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাব্দার হোসেন মোল্লা। ডিগ্রি কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি হতে হলে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক হলেও অপ্রাতিষ্ঠানিক স্বশিক্ষিত সাব্দার হোসেন মোল্লাকে ডিগ্রি পাস দেখিয়ে শিক্ষাবোর্ডে সুপারিশ পাঠিয়েছেন। একই সাথে বিদ্যুৎসাহী পদে মোস্তাফিজুর রহমানকে মনোনীত করে সুপারিশ পাঠান। খোঁজ নিয়ে জানাগেছে, মোস্তাফিজুর রহমানেরও শিক্ষাগত যোগ্যতা ছিলনা বিদ্যুসাহী সদস্য হওয়ার।

২০১৩ সালের ২২ আগস্ট এই দুইজনের পক্ষে ডিও লেটার দেন তৎকালীন এমপি আব্দুল হাই। আদতে সাব্দার হোসেন মোল্লার প্রাতিষ্ঠানিক কোন শিক্ষাগত যোগ্যতা নেই বলে জানাগেছে। কাজেই শিক্ষানীতিমালা অনুযায়ী তিনি কোন ডিগ্রি কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি হতে পারেন না। অথচ এই কমিটি দিয়ে ২০১৫ সালের জুন মাসে জালিয়াতির মাধ্যমে ৭টি পদে শিক্ষক নিয়োগ দিয়ে হাতিয়েছেন প্রায় কোটি টাকা। খোঁজ নিয়ে জানাগেছে, সাব্দার হোসেন মোল্লা গাড়াগঞ্জ গার্লস স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি ছিলেন সেখানে তার শিক্ষাগত যোগ্যতা দেখান এসএসসি পাস।

অযোগ্য ব্যক্তিকে সভাপতি নিয়োগ দিয়ে কোটি কোটি টাকার নিয়োগ বাণিজ্য নিয়ে সম্প্রতি প্রশ্ন তুলেছেন এলাকার লোকজন। তারা এই কমিটির নিয়োগ দেওয়া শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের অবৈধ বলে দাবি করেন। তারা বলেন, এসব নিয়োগ বাতিল করে পূণরায় স্বচ্ছ প্রক্রিয়ায় নিয়োগ দিতে হবে। এবিষয়ে জানতে সাবেক অধ্যক্ষ তরিকুল ইসলামের মোবাইলে একাধিকবার কল করা হলেও তিনি রিসিভ করেননি। জানাগেছে, দুর্নীতির মাধ্যমে তিনি হরিণাকুণ্ডু উপজেলার বিভিন্ন জায়গাসহ কুষ্টিয়া শহরে নামে বেনামে বিপুল সম্পত্তি গড়ে তুলেছেন।

হরিণাকুন্ডুতে কৃষি ব্যাংকের

শাখা স্থানান্তর চেষ্টার প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার ভালকী বাজারে কৃষি ব্যাংকের শাখা অফিস স্থানান্তর চেষ্টার প্রতিবাদে এলাকাবাসি মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে।

আজ রোববার দুপুরে কাপাশহাটিয়া ইউনিয়নের ভালকী বাজারে ব্যাংকের শত শত গ্রাহক ও এলাবাসি এই কর্মসুচি পালন করেন।

মানববন্ধন শেষে ভালকী বাজারে আয়োজিত এক সমাবেশে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধ ও সাবেক চেয়ারম্যান ইমদাদ হোসেন, মুক্তিযোদ্ধা রেজাউল ইসলাম, মহিউদ্দীন মাষ্টার, স্থানীয় মসজিদের ইমাম কুতুব উদ্দীন মন্ডল, বিসিআইসি সার ডিলার আব্দুল খালেক, স্কুল শিক্ষক ফয়জুর রহমান ফয়েজ, মোয়াজ্জেম হোসেন, খালেদুর রহমান, জাফর আলতাফ সোনা, সোহরাব হোসেন মন্ডল, সাবেক ইউপি সদস্য সালাহউদ্দীন, প্রভাষক ওলিয়ার রহমান, মিজানুর রহমান ও লিন্টু মন্ডল।

ব্যক্তিগন বলেন, হরিণাকুন্ডুর ভালকী বাজার বহু পুরানো জনপদ। এখানে চাকরিজীবী ও বড় বড় ব্যবসায়ী রয়েছেন। এই ব্যাংকে তাদের একাউন্ট রয়েছে। ব্যাংকটি অন্যত্র স্থানান্তর করা হলে গ্রাহকরা নিরাপত্তহীনতায় পড়তে পারে। গ্রাহক ও গ্রামবাসি ব্যাংকটি যাতে অন্যত্র সরিয়ে না নেওয়া হয় সে বিষয়ে ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।